শিক্ষা নৈতিকতা মানবতা দেশপ্রেম

# মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, নড়িয়া, শরীয়তপুর

## *২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার অনুসরণীয় নির্দেশিকা*

ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী ও সম্মানিত অভিভাবকদের ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নিম্নোক্ত ধাপগুলো ধারাবাহিকভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

**ভর্তির সময়সীমা: ২০, ২১ ও ২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.**

### ধাপ-১ : অনলাইনে ভর্তি আবেদন

১. কলেজের ওয়েবসাইট www.mjfsc.edu.bd - এ প্রবেশ করতে হবে।

২. নির্ধারিত ভর্তি লিংকে প্রবেশ করে অনলাইন ভর্তি আবেদন ফরমের প্রয়োজনীয় তথ্য যথাযথভাবে পূরণ করতে হবে।

৩. সকল তথ্য সঠিকভাবে পূরণ করার পর Submit বাটনে ক্লিক করতে হবে।

৪. Submit করার সঙ্গে সঙ্গে আবেদন ফরমের জন্য নির্ধারিত ১০০/- (একশত) টাকা অনলাইনে পরিশোধ করতে হবে।

৫. অনলাইনে ১০০ টাকা পরিশোধ সম্পন্ন হলে পূরণকৃত ভর্তি আবেদন ফরমটি Download করে কমপক্ষে ২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে।

### ধাপ-২ : প্রয়োজনীয় কাগজপত্র জমা

***প্রিন্টকৃত ভর্তি আবেদন ফরমের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে কলেজ অফিসে সরাসরি জমা দিতে হবে–***

# প্রশংসাপত্রের ফটোকপি;
# এসএসসি পাসের অনলাইন একাডেমিক ট্রান্সক্রিপ্টের কপি;
# রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি;
# জন্মনিবন্ধন সনদের ফটোকপি;
# সদ্য তোলা ১ (এক) কপি রঙিন ছবি।

***বিশেষ নির্দেশনা: সকল কাগজপত্র পরিষ্কার ও সঠিক তথ্যসম্বলিত হতে হবে।***

### ধাপ-৩ : যাচাই-বাছাই ও ভর্তি নিশ্চিতকরণ

১. কলেজ অফিসে প্রিন্টকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার পর কলেজ কর্তৃপক্ষ কর্তৃক তথ্য ও কাগজপত্র যাচাই-বাছাই করা হবে।

২. যাচাই-বাছাই শেষে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীর ফর্মে প্রদত্ত মোবাইল নম্বরে একটি ওয়েব লিংক পাঠানো হবে।

৩. নির্বাচিত ছাত্র/ছাত্রী উক্ত ওয়েব লিংকে প্রবেশ করে নির্ধারিত ভর্তি ফি অনলাইনে পরিশোধ করতে হবে।

৪. ভর্তি ফি ও অন্যান্য ফি পরিশোধ সম্পন্ন হওয়ার পরই অনলাইন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে।

### ধাপ-৪ : ভর্তি-পরবর্তী সামগ্রী সংগ্রহ

ভর্তি ফি পরিশোধের পর ই-মেইল অথবা মোবাইলে প্রাপ্ত কনফার্মেশন মেসেজের একটি কপি কলেজ অফিসে উপস্থাপন করতে হবে। কনফার্মেশন যাচাইয়ের পর কলেজ অফিস থেকে সংগ্রহ করতে হবে–

- কলেজের নির্ধারিত ইউনিফর্ম;
- এক সেট খাতা ও ডায়েরি।

### *এক নজরে গুরুত্বপূর্ণ নির্দেশনা*

অনলাইন আবেদন ⟶ ১০০ টাকা আবেদন ফি পরিশোধ ⟶ ফরম ডাউনলোড ও প্রিন্ট ⟶ প্রয়োজনীয় কাগজপত্র জমা ⟶ যাচাই-বাছাই ⟶ নির্বাচিত হলে ওয়েব লিংকের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ ⟶ কনফার্মেশন মেসেজ প্রদর্শন ⟶ ইউনিফর্ম, খাতা ও ডায়েরি সংগ্রহ।

***ভর্তি সংক্রান্ত যেকোনো তথ্য বা সহযোগিতার জন্য কলেজের ভর্তি হেল্প ডেস্ক/অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।***

মোবাইল নং : ০১৭২১৬৩৩৬০৮, ০১৯১২৩৯৭৭৪২, ০১৭৩৯৩১২৬২৭

***বি.দ্র: পরিবহনে যাতায়াতে আগ্রহী শিক্ষার্থীদের আগামী ২৪ ও ২৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।***